

## সাহাপিডিয়া – ইউনেসকো ফেলোশিপ ২০১৯

### অ্যানেক্সার ৫

#### নিয়ম ও শর্তাবলী

১) নির্বাচিত আবেদনকারীদের ২৮ সপ্তাহের মধ্যে ( ১লা সেপ্টেম্বর ২০১৯ থেকে ১৫ই মার্চ ২০২০) ফেলোশিপ প্রকল্প শেষ করতে হবে।

২) সাধারণ ভাবে সাহাপিডিয়ার বৈশিষ্ট্য যে বিষয়ে,- প্রবন্ধ (তথ্যপঞ্জি সমেত), ক্ষুদ্র তথ্যচিত্র(সাবটাইটেল ও মূলবক্তব্য সহ) বা দুটির মিশ্রণে নির্মিত কোনো বিশেষ বিষয় অথবা সেই বিশেষ বিষয়কে প্রকাশ করার সহায়ক অন্য একটি বিষয়(তথ্যপঞ্জিসহ) বিশেষজ্ঞের সঙ্গে সাক্ষাৎকারের প্রতিলিপি গ্রহণ, ভিডিও ও অডিও ক্লিপিং, চিত্রাগার, আলোকচিত্র সমন্বিত, দৃশ্যপ্রধান রচনা। নির্বাচিত আবেদনকারীদের আবেদনপত্রে যা যা উল্লেখ করা হয়েছে, অবশ্যই তা জমা দিতে হবে। সময়সীমা কোনোমতেই অতিক্রম করা যাবে না। সাহাপিডিয়া লেখা ও তথ্যচিত্র সম্বন্ধে একটি বিশেষ ধারা অনুসরণ করে। অ্যানেক্সার চারে প্রদত্ত নমুনাগুলি ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩) ফেলোশিপের জন্য সম্পূর্ণ পারিশ্রমিকের ভারতীয় অর্থমূল্য ৪৪,৪৪৫/- (চুয়াল্লিশ হাজার চারশো পঁয়তাল্লিশ)। যথাযোগ্যভাবে কাজ শেষ করার ভিত্তিতে তা দেওয়া হবে সম্মান দক্ষিণা ও অন্যান্য খরচের জন্য। ১৯৬১ খ্রিস্টাব্দে নির্ধারিত আয়কর আইন অনুসারে আয়করের পরিমাণ বাদ দিয়ে ফেলো হাতে পাবেন ৪০,০০০/। আঞ্চলিক ভাষার গবেষকরা আরো ১০,০০০/পর্যন্ত পাবেন তাঁদের কাজ অনুবাদ করানোর জন্য। এই পারিশ্রমিক তাঁরা নির্দিষ্ট খরচ অনুসারে, প্রমাণ পত্র দাখিল করার ভিত্তিতে পাবেন। এবং অনুবাদের মানও এক্ষেত্রে বিবেচিত বিষয় রূপে গণ্য হবে। এ ছাড়া আর কোনো আর্থিক সহায়তা পাওয়া সম্ভব নয়।

৪) উল্লিখিত সাম্মানিক তিনটি পর্যায়ে দেওয়া হবে। চুক্তিপত্রে স্বাক্ষরের পরে ২০ শতাংশ, প্রথম দুটি কাজ শেষ করে জমা দেওয়া ও তা মনোনীত হওয়ার পরে ৪০ শতাংশ এবং সম্পূর্ণ কাজ জমা দেওয়া ও সাহাপিডিয়ার মনোনীত হওয়ার পরে বাকি ৪০ শতাংশ দেওয়া হবে। আঞ্চলিক ভাষায় যাঁরা কাজ করবেন তাঁদের অনুবাদের জন্য ১০,০০০/ দেওয়া হবে ফেলোশিপ শেষ করে কাজের মূল্যায়ন ও পর্যালোচনার পরে।

৫) আবেদনকারীকে প্রথম পর্যায়ে মোট প্রদেয় অর্থের কুড়ি শতাংশ দেওয়া হবে। এর জন্য আবেদনকারীর প্যান কার্ড, ক্যানসেলড চেক/ ব্যাঙ্কের বিস্তারিত বিবরণ আর চুক্তিপত্রের শর্তানুযায়ী রাজী হওয়ার একটি নিয়মানুসারী প্রমাণপত্র প্রয়োজন।

৬) কাজ শেষ হলে, সাহাপিডিয়ার কাছে তা গ্রহণীয় হবার ভিত্তিতে পরবর্তী পর্যায়গুলির দেয় পারিশ্রমিক প্রদান করা হবে। কাজের মূল্যায়ন ও আলোচনার জন্য সাহাপিডিয়া চার থেকে ছ সপ্তাহ সময় নেবে। তারপরে পারিশ্রমিক দেওয়া হবে।

৭) নির্বাচিত আবেদনকারী প্রতি মাসে কাজের প্রগতি সম্বন্ধে ই-মেল পাঠাবেন, এটি বাঞ্ছনীয়। সম্পূর্ণ কাজটির জন্য প্রাথমিক ভাবে পরিকল্পিত অর্থের পরিমাণ প্রথম মাসেই জানাতে হবে।

৮) নির্মিত ও সংরক্ষিত সমস্ত উপাদান সাহাপিডিয়ার ওয়েবসাইটে আপলোড করা হবে। ইন্টারনেটের মাধ্যমে যতদূর সম্ভব বিস্তীর্ণভাবে জ্ঞান, গবেষণা ও শিল্পসৃষ্টিকে সাধারণের কাছে পৌঁছে দিতে সাহাপিডিয়া অঙ্গীকারবদ্ধ। স্রষ্টার সম্পূর্ণ কৃতিত্ব উল্লিখিত হবে। এই কাজ সাহাপিডিয়ার INTELLECTUAL PROPERTY RIGHT (IPR) আইনের অন্তর্ভুক্ত করা হবে। (CC-BY-SA 4.0) নির্বাচিত আবেদনকারীদের কাজের স্বীকৃতি দেওয়া হবে।

৯) সাহাপিডিয়া এবং ইউনেসকো এই কাজগুলি আংশিক বা সম্পূর্ণ ভাবে যে কোনো মাধ্যমে প্রকাশিত ও ব্যবহার করতে পারে। ফেলোদের অনুমতি এক্ষেত্রে আবশ্যিক নয়। এর জন্য অতিরিক্ত পারিশ্রমিক দেওয়া হবে না। তবে প্রাপ্য মর্যাদা দেওয়া হবে।

১০) কোনো বিষয়বস্তু অপছন্দের বা বিতর্কমূলক মনে হলে, অথবা অন্য কোনো কারণকে সঙ্গত মনে করলে সাহাপিডিয়ার তা সরিয়ে নেওয়ার অধিকার আছে।

১১) নির্বাচিত আবেদনকারীর ফেলোশিপের কাজ যদি অজ্ঞাতসারে বা বিনানুমতিতে অন্য কোনো মাধ্যমে প্রকাশিত হয় তবে সাহাপিডিয়া এবং ইউনেসকো তার জন্য দায়ী থাকবে না।

১২) এই কাজের বিষয়ে কোনো তৃতীয় পক্ষের কাছ থেকে নৈতিকতা লঙ্ঘনের দাবী এলে, ১৯৫৭ খ্রিস্টাব্দে প্রবর্তিত ভারতীয় কপিরাইট অ্যাক্টের সেকশান ৫১, ৬৩ এবং ৬৫ অনুসারে সাহাপিডিয়া এবং ইউনেসকো সেজন্য দায়বদ্ধ থাকবে না। ফেলো সাহাপিডিয়াকে যে কাজ জমা দেবেন তা অবশ্যই মৌলিক হতে হবে। তা যেন অন্য কোনো মাধ্যম থেকে পুনরুৎপাদিত না হয়। সমস্ত পেশ করা কাজ 'অ্যান্টি প্ল্যাগিয়ারিজম সফট ওয়ার' দ্বারা যাচাই করা হবে।

১৩) নির্বাচিত আবেদনকারীর পক্ষ থেকে সাহাপিডিয়া এবং ইউনেসকো র যেন নিরাপত্তা ও ক্ষতিপূরণের ব্যঘাত না ঘটে। তাদের অফিসার, কর্মচারী, এজেন্ট এবং নিযুক্ত ব্যক্তির (যারা সামগ্রিকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে)। সমস্ত দাবী, মামলা, ক্ষতির অভিযোগ ইত্যাদি তাদের বিরুদ্ধে আনা হলে, তার (অ্যাটর্নির ও ব্যবহারজীবীর সাম্মানিক সমেত) দায়িত্ব ও খরচ নির্বাচিত আবেদনকারীকে দিতে হবে।

১৪) আবেদনকারীদের পক্ষ থেকে, সাহাপিডিয়ার সন্তুষ্টি অনুযায়ী কাজ পেশ করতে না পারা সময়সীমা ও শর্তাবলী মানতে না পারা

মাসিক প্রগতির লিখিত ফল পেশ করতে না পারা- এমন পরিস্থিতির উদ্ভব হলে সাহাপিডিয়া তাদের ফেলোশিপ খারিজ করে দিতে পারে। পূর্বে দেয়া টাকা আদায় করতে পারে। পরবর্তী পারিশ্রমিক ও ফেলোশিপের সার্টিফিকেট আটকে দিতে পারে। ফেলোশিপ খারিজ করার ব্যাপারটি সাহাপিডিয়া আবেদনকারীকে লিখিতভাবে জানাবে। উপরোক্ত কোনো কারণবশত

'ফেলোশিপ' খারিজ হলে পূর্ব-নির্বাচিত আবেদনকারী সাহাপিডিয়া-ইউনেসকো ফেলো রূপে বিবেচিত হবেন না।